

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৬৭৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যিক হলো পরকালে নাজাতের আশায় প্রয়োজনের অতিরিক্ত খাদ্য ছেড়ে দেওয়া যাতে হারাম ভক্ষণকারীদের শাস্তি দেওয়া হবে

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ تَرْكِ الْفُضُولِ فِي قُوَّتِهِ رَجَاءَ النَّجَاةِ فِي الْعُقْبَى مِمَّا يُعَاقَبُ عَلَيْهِ أَكْلَةُ السُّحْتِ

আরবী

673 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ يَحْيَى بْنِ جَابِرٍ عَنِ الْمِقْدَامِ بْنِ مَعْدِي كَرِبَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا مِنْ وَعَاءٍ مَلَأَ ابْنُ آدَمَ شَرًّا مِنْ بَطْنٍ حَسَبُ ابْنِ آدَمَ أَكْلَاتُ يُقْمَنُ صَلْبُهُ فَإِنْ كَانَ لَا بُدَّ فَنُلْتُ لَطْعَامَهُ وَثَلْتُ لَشْرَابِهِ وَثَلْتُ لِنَفْسِهِ) الراوي : الْمِقْدَامُ بْنُ مَعْدِي كَرِبَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 673 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৭৩. মিকদাদ বিন মা'দীকারিব রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আদম সন্তান পেটের চেয়ে মন্দ আর কোন পাত্র পূর্ণ করে না। আদম সন্তানের জন্য কয়েক লোকমা খাবারই যথেষ্ট, যা তার পৃষ্ঠদেশকে সোজা রাখবে। যদি একান্তই প্রয়োজন পড়ে, তবে (পেটের) এক-তৃতীয়াংশ খাদ্যের জন্য, এক-তৃতীয়াংশ পানীয় এর জন্য, আর এক-তৃতীয়াংশ শ্বাস-প্রশ্বাসের জন্য খালি রাখবে।”[1]

ফুটনোট

[1] হাকিম: ৪/১২১; তাবারানী, আল কাবীর: ২০/৬৪৫; আব্দুল্লাহ বিন মুবারাক, আয যুহদ: ৬০৩; মুসনাদ আহমাদ: ৪/১৩২; তিরমিযী: ২৩৮০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০৪৮; মুসনাদুশ শিহাব: ১৩৪০-১৩৪১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ২২৬৫।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মিকদাম বিন মা'দীকারিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89175>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন